# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১২৫০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪. দ্বিতীয় অনুচ্ছেদ - ‘আমলে ভারসাম্য বজায় রাখা

### আরবী

عَنْ أَبِي أُمَامَةَ قَالَ: سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَنْ أَوَى إِلَى فِرَاشِهِ طَاهِرًا وَذَكَرَ اللَّهِ حَتَّى يُدْرِكَهُ النُّعَاسُ لَمْ يَتَقَلَّبْ سَاعَةً مِنَ اللَّيْلِ يَسْأَلُ اللَّهَ فِيهَا خَيْرًا مِنْ خَيْرِ الدُّنْيَا وَالْآخِرَةِ إِلَّا أَعْطَاهُ إِيَّاهُ» . ذَكَرَهُ النَّوَوِيُّ فِي كِتَابِ الْأَذْكَارِ بِرِوَايَةِ ابْنِ السّنيّ

### বাংলা

১২৫০-[১০] আবূ উমামাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ যে লোক পাক-পবিত্র হয়ে নিজের বিছানায় শুয়ে ঘুম না আসা পর্যন্ত আল্লাহর যিকিরে লিপ্ত থাকে, রাতে যতবার সে পাশ বদলাবে এবং আল্লাহর নিকট দুনিয়া ও আখিরাতে কোন কল্যাণ কামনা করবে, আল্লাহ তা’আলা তাকে সে কল্যাণ অবশ্যই দান করবেন। (ইবনুস্ সুন্নীর বরাতে ইমাম নাবাবীর কিতাবুল আযকার)[1]

### ফুটনোট

[1] সহীহ : তবে ذَكَرَ اللّٰهَ حَتّٰى يُدْرِكَهُ النُّعَاسُ এ অংশটুকু ব্যতীত; আল কালিমুত্ব ত্বইয়্যিব ৪৪।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: বিছানা বলতে নিদ্রাস্থল উদ্দেশ্য। পবিত্র অবস্থায় বলতে উযূ (ওয়ু/ওজু/অজু) অবস্থায়, আর আল্লাহর যিকর বলতে যে কোন প্রকার যিকর হতে পারে, তবে শয়নকালে পঠিতব্য সুন্নাতি যিকরই মূল উদ্দেশ্য, কুরআন তিলাওয়াতও এর অন্তর্ভুক্ত। এ ব্যক্তি মাঝ রাতে উঠে আল্লাহর কাছে নিজের কল্যাণে যা চাইবে তাই পাবে।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55810

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন